




স্মারক নং- ০৫.৪৫.৬১৬৫.০০০.৪৩.০০১.১৭-৯০৯

তারিখ : ১৫ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ
৩০ সেপ্টেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা ময়মনসিংহ জেলার মুক্তাগাছা উপজেলার সকলের অবগতির জানানো যাচ্ছে যে, পৌর এলাকা এবং উপজেলার বিভিন্ন ইউনিয়নে ইউনিয়ন সড়ক ও অন্যান্য অবকাঠামো উন্নয়ন প্রকল্প, গ্রামীণ অবকাঠামো উন্নয়নসহ বিভিন্ন প্রকল্পের অধীনে নির্মিত রাস্তাসমূহ সড়ক সংলগ্ন পুকুর, হ্যাচারী, মনুষ্য নির্মিত বন্ধ জলাশয় প্রভৃতির কারণে ক্ষতিগ্রস্ত ও ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে। এছাড়াও বৃষ্টির সময়ে এসব ক্ষতিগ্রস্ত রাস্তা চলাচলের অনুপযোগী হয়ে পড়ে বিধায় নিত্য ও জরুরি প্রয়োজনে এবং চিকিৎসার্থে রোগী পরিবহনে জনসাধারণকে অসুবিধায় পড়তে হয় যা মাননীয় প্রধানমন্ত্রী প্রতিশ্রুত “গ্রাম হবে শহর” এবং টেকসই উন্নয়ন অর্জিত ১১ ও ১৫ এর পরিপন্থী। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যমান বিভিন্ন নীতিমালা অনুযায়ী প্রকল্পভেদে গ্রামীণ রাস্তার উভয়পার্শ্বে ন্যূনতম ০৩-০৫ ফুট করে জায়গা সংরক্ষণ করার বাধ্যবাধকতা রয়েছে। এমতাবস্থায়, এসকল বিষয় বিবেচনায় রেখে উপর্যুক্ত আলোচনাসংশ্লিষ্ট পুকুর ও হ্যাচারী মালিকগণকে আগামী ৩০ ডিসেম্বর, ২০২০ তারিখের মধ্যে রাস্তার পাশের দখলকৃত জায়গা নিজ উদ্যোগে ছেড়ে দিয়ে রাস্তা সংলগ্ন পুকুর এবং হ্যাচারীর পাড় টেকসই ও মজবুত করে বাধাই করার জন্য অনুরোধ করা হলো। এর ব্যত্যয় হলে এ আদেশ অমান্যকারী পুকুর, বন্ধ জলাশয় ও হ্যাচারী মালিকদের বিরুদ্ধে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৩৩ ধারা এবং দণ্ডবিধি ১৮৬০ এর ১৮৮ ধারা কিংবা অন্যান্য প্রযোজ্য আইনে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।


৩০/০৯/২০২০
(আব্দুল্লাহ আল মনসুর)


বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট
ও
উপজেলা নির্বাহী অফিসার
মুক্তাগাছা, ময়মনসিংহ।

স্মারক নং- ০৫.৪৫.৬১৬৫.০০০.৪৩.০০১.১৭-৯০৯

তারিখ : ১৫ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ
৩০ সেপ্টেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপি : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
- ০২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ০৩। পুলিশ সুপার, ময়মনসিংহ।
- ০৪। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব। (সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ।
- ০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মুক্তাগাছা, ময়মনসিংহ।
- ০৭। সহকারী কমিশনার(ভূমি), মুক্তাগাছা, ময়মনসিংহ।
- ০৮। উপজেলা কৃষি অফিসার, মুক্তাগাছা, ময়মনসিংহ।
- ০৯। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, মুক্তাগাছা, ময়মনসিংহ।
- ১০। চেয়ারম্যান (সকল).....ইউনিয়ন পরিষদ, মুক্তাগাছা, ময়মনসিংহ। (স্ব স্ব ইউনিয়নে বিজ্ঞপ্তিটি দিনব্যাপী মাইকে প্রচারের অনুরোধসহ)
- ১১। সহকারী প্রোগ্রামার, আইসিটি, মুক্তাগাছা, ময়মনসিংহ। (উপজেলা প্রশাসন, মুক্তাগাছা এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১২। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব, মুক্তাগাছা, ময়মনসিংহ। (স্থানীয় সকল পত্রিকায় প্রকাশের অনুরোধসহ)


৩০/০৯/২০২০
(আব্দুল্লাহ আল মনসুর)

বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট
ও
উপজেলা নির্বাহী অফিসার
মুক্তাগাছা, ময়মনসিংহ।